117

দৈনিক ইনকিলাব

তারিখ 19 AUG 1997
পৃষ্ঠা ১ কলাম ২

### আজ থেকে প্রতীক অবস্থান ধর্মঘট

# ঢাঃ বিঃ ভিসি'র বাকশালী মুখোশ এখন জাতির সামনে উন্মোচিত

## —ছাত্র দল সভাপতি এ্যানি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্র দল ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হলে পুলিশী হামলার বিচার, চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার ও বিতর্কিত তদন্ত কমিটি বাতিলের দাবীতে আজ থেকে প্রতিদিন বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত ১ ঘন্টা ভিসি অফিসের সামনে প্রতীক অবস্থান ধর্মঘট পালন করবে। গতকাল

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## ছাত্র দল সভাপতি

প্রথম পৃষ্ঠার পর

কলাভবন গেটে অনুষ্ঠিত ছাত্র দলের এক সমাবেশে ছাত্র দল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি এ কর্মসূচী ঘোষণা করেন। তিনি বলেন, দাবী পূরণ না হলে আগামী বৃহস্পতিবার

পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হবে। সমাবেশে ছাত্রদল সভাপতি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৬ হাজার ছাত্র-ছাত্রীকে অস্ত্রধারী বহিরাগতদের মুখোমুখি দাঁড় করিয়ে ভাইস চ্যান্সেলর এখন এসব সন্ত্রাসীদের প্রধান পৃষ্ঠপোষক হয়ে তাদের লালন করছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ নস্যাৎ এবং ছাত্রদলকে ধ্বংস করার সরকারী নীলনক্সা বাস্তবায়নই হচ্ছে এখন ভিসির চ্যালেঞ্জ। এ ভিসির বাকশালী মুখোশ এখন জাতির সামনে উন্মোচিত। জনাব এ্যানি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, আমরা ভিসির চ্যালেঞ্জকে মোকাবেলা করে যে কোন কঠোর সংগ্রাম ও ত্যাগ স্বীকারের মাধ্যমে অস্ত্রধারী বহিরাগত সন্ত্রাসী ও হল দখলকারীদের মোকাবেলা করে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ নিশ্চিত করবো। তিনি বলেন, ছাত্রদল নেতা-কর্মীদের হয়রানি করার জন্য আওয়ামী বাকশালীদের দিয়ে যে একতরফা ও প্রহসনের তদন্ত কমিটি গঠন করা হয়েছে সেই তদন্ত কমিটির রিপোর্ট ছাত্র সমাজ মেনে নেবে না। এ সকল প্রহসন ও নীলনক্সা বাস্তবায়নের প্রক্রিয়া বন্ধ করা না হলে সৃষ্ট পরিস্থিতির দায়-দায়িত্ব ভিসি ও সরকারকেই বহন করতে হবে।

সমাবেশের আগে ছাত্রদল জিয়া হলে পুলিশী হামলা, বহিরাগত সন্ত্রাসী ও হল দখলদারদের গ্রেফতার ও বিতর্কিত তদন্ত কমিটি বাতিলের দাবীতে ক্যাম্পাসে মিছিল বের করে। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহবায়ক নাসিরুদ্দীন আহমেদ অসীমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল, সিনিয়র সহসভাপতি নাসিরুদ্দীন আহমদ পিন্টু, সহসভাপতি আবদুল খালেক, যুগ্ম সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু, ক্রীড়া সম্পাদক সাইফুল আলম নীরব, বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম আহবায়ক সেলিমুজ্জামান সেলিম প্রমুখ।

হাবিবুন্নবী সোহেল বলেন, চিহ্নিত সন্ত্রাসীদের মদদ দিয়ে ভিসি এখন ঢাকা বিশ্ববিদ্যালয়কে অন্ধকারের দিকে ঠেলে দিচ্ছেন। মেধাবী ছাত্ররা হল থেকে বিতাড়িত হয়ে পথে পথে ঘুরছে, কিন্তু ভিসি সন্ত্রাসীদের হলে রেখেছেন। তাই আর প্রতিবাদ নয়, আমরা প্রতিরোধ গড়ে তুলবো। তিনি বলেন, ছাত্রদলকে দমন করতে তদন্ত কমিটি গঠন করে যে প্রহসন চালানো হচ্ছে ছাত্রদল তা বরদাশত করবে না। এখন ভিসির বিরুদ্ধেই তদন্ত কমিটি গঠনের সময় এসেছে।

### তেজগাঁও কলেজ

এদিকে তেজগাঁও কলেজের ছাত্রলীগ নেতা মুন্নার নেতৃত্বে অর্ধ শতাধিক ছাত্রলীগ নেতা-কর্মী গত রবিবার ছাত্রদলে যোগদান করেছে। ছাত্রদল কেন্দ্রীয় সংসদ নবাগতদের স্বাগত জানিয়ে কেন্দ্রীয় কার্যালয়ে সংবর্ধনা প্রদান করে।